

# সুপ্রসঙ্গ

## বাউবির শিক্ষায় স্বাবলম্বী হচ্ছে নারী

👤 ড. মেজবাহ উদ্দিন তুহিন

🕒 ১১ ডিসেম্বর ২০২১, ১৭:৫৮:২৭ | [অনলাইন সংস্করণ](#)



সালমার বয়স বাইশ। তিনি বাউবি'র এইচএসসির সার্টিফিকেট কাজে লাগিয়ে স্থানীয় একটি এনজিওতে চাকরি করছেন।

চাকরিতে পদোন্নতির আশায় তিনি বাউবি'র বিএ/বিএসএস প্রোগ্রামে ভর্তি হয়েছিলেন। এ বছর ময়মনসিংহের গৌরীপুর কলেজ পরীক্ষা কেন্দ্র থেকে বিএ/বিএসএস পরীক্ষা দিচ্ছেন।

প্রাইমারি স্কুলের শিক্ষিকা তিন সন্তানের জননী তাহেরা বেগম এ বছর বাউবি'র ময়মনসিংহের আনন্দমোহন কলেজ স্টাডি সেন্টার থেকে বিএ পরীক্ষা দিচ্ছেন।

সাপ্তাহিক বন্ধের দিন শুক্রবার প্রায় ২০ কিমি. পথ পাড়ি দিয়ে নিয়মিত স্টাডি সেন্টারে ক্লাস করেছেন। পরীক্ষার হলে ছিল তার চোখমুখে বর্ণিল হাসি। পাশ করে প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষিকা হবেন।

পরীক্ষা কেমন হচ্ছে সে সময়ে জানতে চাইলে খুব দৃঢ়চিত্তে হেসে জবাব দেন নিয়মিত পড়ালেখা করেছি, পাশ করতে সমস্যা হবে না। চাকরি ও সংসারের কাজের পাশাপাশি লেখাপড়ার সুযোগ রয়েছে বাউবিতে-আমি এই সুযোগ কাজে লাগাতে চাই।

রেহানা বেগমের বয়স পঁয়ত্রিশ। তিনি গত বছর ইংরেজিতে অকৃতকার্য হয়েছেন। এ বছর এক বিষয়ে পরীক্ষা দিয়ে পাশ করার দৃঢ় মনোবল রয়েছে তার। বাউবি থেকে ইতঃপূর্বে এসএসসি পাশ করে তিনি ইপিজেডে একটি চাকরি জোগাড় করতে সক্ষম হয়েছিলেন।

তার মেয়ে সোহানাও এ বছর এসএসসি পরীক্ষা দিয়েছে বাউবি থেকে। সোহানা এসএসসি পাশ করলে একটি সংস্থায় চাকরিতে যোগ দিতে পারবে। এ বিষয়ে কথা পাকাপাকি হয়ে আছে।

পরীক্ষার হলে সন্ধ্যা রানীর মাথার সিঁথিতে সিঁদুর দেখে জানা গেল মাত্র কয়েকদিন আগে তার বিয়ে হয়েছে। নিয়মিত ক্লাসে গিয়ে লেখাপড়া করতে হয় না বলে তিনি বাউবিতে ভর্তি হয়েছিলেন। পাশ করলেই প্রাইমারি স্কুলের শিক্ষিকা হওয়ার জন্য প্রতিযোগিতা করবেন।

মিনতি দেবী শিক্ষকতা করেন নেত্রকোনার কলমাকান্দার একটি মাধ্যমিক বিদ্যালয়ে। তিনি বাউবির কলমাকান্দা কলেজ কেন্দ্র থেকে বিএসএস পরীক্ষা দিচ্ছেন। চাকরির পাশাপাশি লেখাপড়ার সুযোগ পেয়ে তিনি আনন্দিত।

বাউবি থেকে বিএড, এমএড করে নিজেকে আরও দক্ষ করে গড়ে তুলতে চান।

সালমা, তাহেরা, রেহানা, সোহানা, সন্ধ্যা রানী, মিনতির মতো আজ হাজার হাজার নারী শিক্ষার্থী বাউবির মাধ্যমে শিক্ষা গ্রহণ করে স্বাবলম্বী হয়েছেন। ফিরে পেয়েছেন নিজেদের নতুন জীবন। বাউবির সার্টিফিকেট কাজে লাগিয়ে কাজ জোগাড় করতে পারায় তাদের জীবনে এসেছে নতুন গতি। তারা এখন ভীষণ খুশি।

আবার কেউ কেউ স্বপ্ন দেখে বাউবিতে লেখাপড়া করে স্বাবলম্বী হওয়ার। তারা বলেন, বয়সের কারণে আমরা সাধারণ স্কুল-কলেজে অনেকটা বেমানান। আমরা কর্মজীবী ও বয়স্ক। বাউবি না থাকলে কোনো দিনই আমাদের লেখাপড়া হতো না, পেতাম না চাকরি।

বাউবি গরিব মেহনতি মানুষের বিশ্ববিদ্যালয়। বাউবির মতো আরও শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজন-যেখানে কারিগরি ও হাতে কলমের শিক্ষা রয়েছে।

ড. মেজবাহ উদ্দিন তুহিন: গবেষক, লেখক ও কলামিস্ট। পরিচালক (ভারপ্রাপ্ত) তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022